# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯০]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ১১: সালাতে বাম হাতের উপর ডান হাত রাখার স্থান

## باب موضع اليمين من الشمال في الصلاة

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قال: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ زَائِدَةَ، قال: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ قال: حَدَّثَنِي أَبِي، أَنَّ وَائِلَ بْنَ حُجْرٍ أَخْبَرَهُ، قال: قُلْتُ لَأَنْظُرَنَّ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصَلِّي فَنَظَرْتُ إِلَيْهِ فَقَامَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا بِأُذُنَيْهِ، ثُمَّ وَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى كَفِّهِ الْيُسْرَى وَالرُّسْغِ وَالسَّاعِدِ فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا قَالَ: وَوَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ ثُمَّ لَمَّا رَفَعَ رَأْسَهُ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا، ثُمَّ سَجَدَ فَجَعَلَ كَفَّيْهِ بِحِذَاءِ أُذُنَيْهِ، ثُمَّ قَعَدَ وَافْتَرَشَ رِجْلَهُ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَجَعَلَ حَدَّ مِرْفَقِهِ الْأَيْمَنِ عَلَى فَخِذِهِ الْيُمْنَى، ثُمَّ قَبَضَ اثْنَتَيْنِ مِنْ أَصَابِعِهِ وَحَلَّقَ حَلْقَةً، ثُمَّ رَفَعَ إِصْبَعَهُ فَرَأَيْتُهُ يُحَرِّكُهَا يَدْعُو بِهَا .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ١١٦ (٧٢٦)،١٨٠، (٩٥٧)، سنن ابن ماجه/إقامة ١٥ (٨٦٨)، (تحفة الأشراف: ١١٧٨١)، مسند احمد ٤/٣١٦، ٣١٧، ٣١٨، ٣١٩، ويأتى عند المؤلف بأرقام: ١١٠٣، ١٢٦٤، ١٢٦٦، ١٢٦٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 890 ـ صحيح

বাংলা

৮৮৯. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মনে মনে বললাম, আমি নিশ্চয় লক্ষ্য করব রাসূলুল্লাহ (সা.) -এর সালাতের প্রতি, তিনি কিরূপে সালাত আদায় করেন। আমি তার দিকে তাকালাম। তিনি (সা.) দাঁড়িয়ে তাকবীর বললেন এবং তাঁর দু’হাত তুললেন। আর দু’হাত

কর্ণদ্বয়ের বরাবর হল, তারপর তিনি তাঁর ডান হাত রাখলেন বাম হাতের উপর অর্থাৎ বাম হাতের কব্জি ও বাহুর ওপর রাখলেন। যখন তিনি রুকূ করার ইচ্ছা করলেন তখন দু’হাত পূর্বের মতো উঠালেন। রাবী বলেন, রুকূ’তে তিনি তার দু’হাত দু’হাটুর উপর রাখলেন। তারপর যখন মাথা উঠালেন তখন পর্বের মতো দু’হাত উঠালেন। তারপর তিনি সিজদা করলেন, তিনি তার হাতের তালুদ্বয় স্থাপন করলেন তাঁর দু’কান বরাবর। তারপর তিনি বসলেন, তিনি বিছিয়ে দিলেন তার বাম পা। আর তার বাম হাতের তাল রাখলেন তার বাম হাঁটু ও রানের উপর। আর ডান কনুইয়ের শেষ প্রান্ত পর্যন্ত ডান রানের উপর রাখলেন। পরে তাঁর দু’টি অঙ্গুলি (বৃদ্ধ ও মধ্যমা) টেনে তা দিয়ে গোলাকার বানালেন এবং তারপর একটি অঙ্গুলি উঠালেন। আমি দেখলাম, তিনি তা নাড়ছেন এবং তা দ্বারা দু’আ করছেন।

## English

11. The Location Of The Right Hand On The Left In Prayer

Wa'il bin Hujr said: I said: 'I am going to watch how the Messenger of Allah (ﷺ) prays.' So I watched him and he stood and said the takbir, and raised his hands until they were in the level with his ears, then he placed his right hand over his left hand, wrist and lower forearm. When he wanted to bow he raised his hands likewise. Then he prostrated and placed his hands in level with his ears. Then he sat up and placed his left leg under him; he put his left hand on his left thigh and knee, and he put the edge of his right elbow on his right thigh, then he held two of his fingers together and made a circle, and raised his forefinger, and I saw him moving it and supplicating with it.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭২৬, তিরমিযী ২৯২, ইবনু মাজাহ ৮৬৭, দারিমী ১৩৫৭, মুসনাদে হুমায়দী ৮৮৫, সহীহ ইবনু খুযায়মাহ ৪৭৭, সহীহ আবু দাউদ ৭১৭, ইরওয়াউল গালীল ২/৬৮-৬৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 	 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন